

# রাজারহাটে শিক্ষা উপদেষ্টার বিরুদ্ধে ফেসবুকে পোষ্ট

## শিক্ষক বরখাস্ত

রাজারহাট (কুড়িগ্রাম) প্রতিনিধি

১৯ মে ২০২৫, ১২:০০ এএম



নতুন ধারার দৈনিক

## আমাদের সময়

রাজারহাটে সামাজিক মাধ্যমে প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টার বিরুদ্ধে বিরূপ মন্তব্য পোষ্ট করার অভিযোগে এক সহকারী শিক্ষককে চাকরি থেকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।

বরখাস্তকৃত শিক্ষক মনিরুল হক বসুনিয়া উপজেলার বিদ্যানন্দ ইউনিয়নের আবুল কাশেম সরকারি বালিকা প্রাথমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক ও উপজেলা নাগরিক কমিটির আহ্বায়ক। গত শনিবার রাতে কুড়িগ্রাম জেলা প্রাথমিক শিক্ষা কর্মকর্তা স্বপন কুমার রায় চৌধুরী বিষয়টি নিশ্চিত করেন।

অফিস আদেশে বলা হয়েছে- প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের মহাপরিচালকের পত্র মোতাবেক উক্ত শিক্ষক ‘মনিরুল হক বসুনিয়া’ (ইংরেজিতে) নামে তার ব্যক্তিগত ফেসবুক

আইডিতে প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টাসহ উর্ধ্বতন কর্তৃপক্ষের বিরুদ্ধে বিরুপ মন্তব্য পোষ্ট করেন। সামাজিক মাধ্যমে এ ধরনের পোষ্ট করায় সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণ হয়েছে। এতে করে সরকারি প্রতিষ্ঠানে সামাজিক মাধ্যম ব্যবহার নির্দেশিকা পরিপন্থি হওয়ায় উক্ত শিক্ষককে সাময়িকভাবে বরখাস্ত করা হয়েছে বলে উল্লেখ করা হয়।

সহকারী শিক্ষক মনিবুল ইসলাম বসুনিয়া বলেন, আড়াই-তিন মাস পূর্বে চট্টগ্রামে প্রাথমিক শিক্ষকদের একটা প্রোগ্রামে শিক্ষকরা দশম গ্রেডের দাবি করায় প্রাথমিক ও গণশিক্ষা উপদেষ্টা শিক্ষকদের হয় প্রতিপন্থ করে বলেছিলেন। না পোষালে চাকরি ছেড়ে চলে যান। এর প্রেক্ষিতে সাধারণ শিক্ষকরা তাদের ভাষায় প্রতিবাদ করেছে, আমি আমার ভাষায় প্রতিবাদ করেছি।

এ বিষয়ে শনিবার (১৭মে) রাতে মুঠো ফোনে প্রাথমিক ও গণশিক্ষা অধিদপ্তরের মহাপরিচালক আবু নূর মো. শামসুজ্জামান বলেন, সোশ্যাল মিডিয়ায় জন্ম ভাষা ব্যবহার করে তিনি জ্যেষ্ঠ কর্মকর্তা, উর্ধ্বতন কর্মকর্তা, মন্ত্রী বা উপদেষ্টাকে নিয়ে যে কথা লিখেছেন, এটা আসলে শিক্ষক না মানুষেরও পর্যায়ে পড়ে না। তিনি এতটাই নোংরা ভাষায় পোষ্ট করেছেন, এ জন্য এটা সামাজিক মাধ্যম ব্যবহারের যে নির্দেশিকা, সেটা লঙ্ঘন হয়েছে এবং আচরণ বিধিমালা চরমভাবে লঙ্ঘন হওয়ায় তাকে সাময়িক বরখাস্ত করা হয়েছে।